84

দৈনিক সংবাদ

তারিখ JUN. 1 4 1999
পৃষ্ঠা 2 কলাম 7

# ময়মনসিংহে চালু হচ্ছে দেশের প্রথম ল' লাইব্রেরি

ময়মনসিংহের জেলা জজ আদালত প্রাঙ্গণে কম্পিউটার ও ফটোকপি মেশিন-সজ্জিত মডেল ল' লাইব্রেরি শিগগিরই কার্যক্রম শুরু করবে। এধরনের লাইব্রেরি বাংলাদেশে এটাই প্রথম।

এ লাইব্রেরিতে আইনগ্রন্থ থাকবে। দেশ-বিদেশের উচ্চ আদালতের নজির কম্পিউটারে সংরক্ষণ করে প্রয়োজনে নামমাত্র মূল্যে আইনজীবীদেরকে সরবরাহ করা হবে। বিশেষ আইনগ্রন্থের প্রয়োজনীয় অংশ ফটোকপি করার ব্যবস্থাও থাকবে।

দেশের বিশিষ্ট আইনবিদ, বাংলাদেশ বার কাউন্সিলের প্রাক্তন সদস্য, আইন বিষয়ক গ্রন্থ ও নিবন্ধ রচয়িতা এডভোকেট এম.এ মোতালেব এ মডেল ল' লাইব্রেরির উদ্যোক্তা এবং প্রতিষ্ঠাতা।

মডেল ল' লাইব্রেরি স্থাপনে পূর্ণ সহযোগিতার জন্য এডভোকেট মোতালেব আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী এডভোকেট আবদুল মতিন খসরুর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন সংবাদ বিজ্ঞপ্তি।